

তোষের স্বাক্ষর

২৫/৭/২০০২

তারিখ ... ..  
পৃষ্ঠা ৭ ... কলাম ... ৪

## ছাত্রদলের অবস্থান ধর্মঘট থেকে ভিসির গাড়ি ভাঙচুর

ঢা.বি.র প্রশাসনিক ভবন এলাকায় সভা, মিছিল নিষিদ্ধ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ছাত্রদলের বিক্ষুব্ধ কর্মীরা গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির গাড়ি ভাঙচুর করেছে। এদিকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন এবং এর আশপাশের এলাকায় সভা, সমাবেশ ও মিছিল নিষিদ্ধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

হল থেকে অবৈধ অস্ত্র উদ্ধার, বহিরাগতদের শ্রেণ্ডার এবং ভিসির পদত্যাগের দাবিতে গতকাল ভিসির কার্যালয়ের সামনে ছাত্রদলের পূর্বনির্ধারিত অবস্থান ধর্মঘট চলাকালে এই গাড়ি ভাঙচুরের ঘটনা ঘটে।

সকাল ১১টা থেকেই ছাত্রদলের কর্মীরা ভিসির

● এরপর - পৃষ্ঠা ২ কলাম ৪

## ছাত্রদলের অবস্থান ধর্মঘট থেকে ভিসির

● প্রথম পাতার পর

কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘটের জন্য জড়ো হতে থাকে। অবস্থান ধর্মঘট চলে দুপুর আড়াইটা পর্যন্ত। ধর্মঘট চলাকালে ছাত্রদল নেতারা তাদের দাবি নিয়ে বক্তৃতা দিতে শুরু করে। এর কিছু পরেই কয়েকজন যুবকের একটি গ্রুপ ল্যাঠি হাতে প্রশাসনিক ভবনের পেছনে পার্ক করা ভিসির গাড়ি ভাঙচুর করতে শুরু করে।

গাড়ি ভাঙচুরের ঘটনায় ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরী তাত্ক্ষণিক প্রতিক্রিয়া জানিয়ে বলেন, 'গত পাঁচ বছর ধরে চলমান বিশ্ববিদ্যালয়ের শান্ত পরিস্থিতিতে একটি সংগঠন কেন অশান্ত করতে চাচ্ছে তা আমার বোধগম্য নয়।'

একের পর এক সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়ে এরা বিশ্ববিদ্যালয়ের ২৮ হাজার ছাত্রছাত্রীর শিক্ষা জীবনকে হুমকির মুখে তেলে দিয়েছে বলে অধ্যাপক এ কে আজাদ চৌধুরী মন্তব্য করেন।

এদিকে বিশ্ববিদ্যালয় সিডিকেটের গতকালের এক জরুরি সভায় ভিসির গাড়ি ভাঙচুরের ঘটনায় নিন্দা ও গভীর ক্ষোভ প্রকাশ করা হয়। সভায় উক্ত ঘটনায় জড়িতদের অবিলম্বে শ্রেণ্ডার করে দৃষ্টান্তমূলক শাস্তি বিধানের দাবি জানানো

হয়।

গতকালের ঘটনায় তীব্র নিন্দা ও দোষীদের শাস্তি দাবি করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। শিক্ষক সমিতির সভাপতি এবং সাধারণ সম্পাদক গতকাল এক যৌথ বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক শিক্ষা ও গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকল বহিরাগত সন্ত্রাসীদের প্রবেশ অবিলম্বে নিষিদ্ধ করার জন্য দাবি জানান তারা।

বাংলাদেশ ছাত্রলীগ গতকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত সমাবেশে ভিসির গাড়ি ভাঙচুরের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে।

এদিকে ছাত্রদলের সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লান্টু ভিসির গাড়ি ভাঙচুরের ঘটনায় কোনো ছাত্রদল কর্মী দায়ী নয় বলে দাবি করেছেন।

এদিকে ভিসির গাড়ি ভাঙচুরের ঘটনায় জড়িত সন্দেহে পুলিশ নগরীর শাহবাগ মোড় থেকে ছাত্রদলের ৬ জন নেতাকর্মীকে শ্রেণ্ডার করেছে। এদের মধ্যে রয়েছে, রাহাতুল আলম রাহাত, মুরাদ খান, হুমায়ুন কবীর, মাহবুবুল আলম, শরীফ এবং মনিরুজ্জামান মনির।